গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়, সপুরা, রাজশাহী
www.bscic.rajshahidiv.gov.bd

**বিসিক শিল্পনগরীর বিভিন্ন কার্যক্রম বিষয়ক গণশুনানি সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ জনাব মোঃ রেজাউল আলম সরকার, আঞ্চলিক পরিচালক (উপসচিব), বিসিক, রাজশাহী
তারিখঃ ৩০ নভেম্বর, ২০২৩ খ্রি.; সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা
স্থানঃ বিসিক আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর সম্মেলন কক্ষ।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল অতিথি, কর্মকর্তা/কর্মচারী এবং শিল্প কারখানার মালিক/প্রতিনিধি ও অংশীজনদের স্বাগত জানিয়ে গণশুনানী সভার কাজ শুরু করেন। তিনি শিল্পনগরীত অবস্থিত শিল্পমালিক/প্রতিনিধিদের কোন জিজ্ঞাসা থাকলে তা উপস্থাপনের আহ্বান জানান এবং বিসিক জেলা কার্যালয়, রাজশাহীর উপমহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ শামীম হোসেনকে জবাব দেয়ার জন্য অনুরোধ জানান। গণশুনানী কার্যক্রমে ০৬ জন উদ্যোক্তা বিভিন্ন বিষয়ে তাদের জিজ্ঞাসা উপস্থাপন করেন।

০১। জনাব নাজমুল হক, লাকি বুটিক এন্ড প্রিন্টিং ফ্যাক্টরী এর স্বত্বাধিকারী বলেন যে, শিল্পনগরীতে ৫০% ভাড়া প্রদান করার বিধান রয়েছে। কিন্তু ভাড়া অনুমোদন করাতে অনেক কাগজপত্র দিতে হয় যা অনেক সময় সকল কাগজপত্র দেয়া সম্ভব হয় না। তাই ভাড়ার ক্ষেত্রে জটিলতা নিরসন এবং ভাড়া অনুমোদন আঞ্চলিক কার্যালয়ে রাখার প্রস্তাব রাখেন।

জবাব: চেকলিস্ট অনুসারে ভাড়া অনুমোদনের জন্য আপনাকে প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করতে হবে অন্যাথায় ভবিষ্যতে জটিলতার সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে। বিসিক প্রধান কার্যালয় থেকে ভাড়া অনুমোদন করা হয়ে থাকে। ভবিষ্যতে প্রশাসনিক ক্ষমতা অর্পণ করলে তা আপনাদের জানিয়ে দেয়া হবে।

০২। অশোকা ল্যাবরেটরীজ এর প্রতিনিধি জনাব জাকির হোসেন বলেন যে, জেলা কার্যালয়ে IRC আবেদন করলে তা যথাযথভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয় না। তাই IRC এর সুপারিশ দ্রুত প্রধান কার্যালয়ে প্রেরণের কথা বলেন।

জবাব: চেকলিস্ট অনুসারে IRC এর আবেদন করা হলে তা দ্রুততার সহিত বিসিক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে।

০৩। জাফরিন আক্তার রিনটি নারী উদ্যোক্তা বলেন যে, বিসিক উদ্যোক্তাদের সাথে দক্ষ কর্মীর লিংকেজ স্থাপন করলে তাদের মত নতুন উদ্যোক্তাদের জন্য সুবিধা হয়। বিসিক এ ধরণের উদ্যোগ নিবে কিনা?

জবাব: বিসিক নতুন নতুন উদ্যোক্তা তৈরী করে যাচ্ছে। বিসিকের প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তাদের ডাটাবেজ অফিসে সংরক্ষিত আছে। কেহ চাইলে বিসিক তাঁদের সহযোগিতা করবে।

০৪। সেলিম আল রাহী, রাহী ইন্ডাস্ট্রিজের কর্ণধার বলেন যে, শিল্পনগরীর সার্ভিস চার্জ কমানো বা বাড়ানো হলে তাদের তা জানানো হয় না। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপের কথা জানতে চান।

জবাব: সার্ভিজ চার্জের বিষয়টি শিল্প মালিকদের জানানোর জন্য শিল্পনগরী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

30.11.23

চলমান পাতা/০২

০৫। নারী উদ্যোক্তা খাদিজাতুল কুবরা বলেন যে, উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স ৫ দিন পর্যাপ্ত নয়। কোর্সের সময়বৃদ্ধি করে ৮ দিন করার দাবী রাখেন।

জবাব: উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ বর্তমানে ৫ দিন করানো হয়। পূর্বে এটি ০৩ দিন ছিল। ভবিষ্যতে কর্তৃপক্ষ অনুমোদন দিলে প্রশিক্ষণ সময় বাড়ানো হবে।

০৬। মেসার্স আল মদিনা সিল্ক ফ্যাক্টরীর কর্ণধার জনাব আবুল হাসান বলেন যে, শিল্প সংক্রান্ত অন্যান্য সকল নিবন্ধন বিসিক থেকে পাওয়ার সুযোগ থাকলে ভালো হত।

জবাব: বিসিকে ওয়ানস্টপ সার্ভিস চালু হয়েছে। ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে ২৯টি সেবা পাওয়ার সুযোগ রয়েছে। বর্তমানে বিসিক নিবন্ধন এবং পরিবেশ অধিদপ্তরের সেবা চালু রয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য সেবা অন্তর্ভূক্ত করা হবে। ভবিষ্যতে উদ্যোক্তাগণ বিসিক থেকেই সকল সেবা পেয়ে থাকবেন।

০৭। জনাব মোঃ সাজিদুল ইসলাম, বিশেষজ্ঞ, আঞ্চলিক কার্যালয়, বিসিক, রাজশাহী সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, বিসিক একটি পুরাতন প্রতিষ্ঠান। প্রত্যেকটি শিল্পনগরীতে কিছু কিছু সীমাবদ্ধতা আছে। সেই সীমাবদ্ধতা দূর করে বিসিককে সামনের দিকে এগিয়ে নিতে শিল্পমালিকদের সহযোগিতা চান। বাংলাদেশের অর্থনীতিতে বিসিকের অবদানের কথা তুলে ধরেন।

০৮। জনাব শাকিলা হোসেন, উপব্যবস্থাপক, প্রশিক্ষণ শাখা, বিসিক, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, বর্তমান শিল্পবান্ধব সরকার শিল্প স্থাপনে নানা রকম সুবিধা দিয়ে যাচ্ছে। নারী উদ্যোক্তাদের জন্য প্রতিটি শিল্পনগরীতে ১০% শিল্পপ্লট সংরক্ষিত আছে। তিনি নারীদের আরও এগিয়ে আসার জন্য আহবান জানান।

০৯। জনাব নাজমুল হোসেন, ব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), প্রশাসন বিভাগ, বিসিক প্রধান কার্যালয়, ঢাকা তাঁর বক্তব্যে জানান, আজকের গণশুনানীতে যে প্রশ্নগুলো উত্থাপন করা হলো তা বিসিক কর্তৃপক্ষের কাছে তুলে ধরা হবে। তিনি শিল্পায়নে বিসিকের অগ্রণী ভূমিকা পালন করার কথা ব্যক্ত করেন। শিল্প মালিকদের নিয়মিত সার্ভিস চার্জ প্রদানের জন্য অনুরোধ করেন। একটি আধুনিক শিল্পনগরী গড়তে সকলের সহযোগিতা কামনা করেন।

১০। সভাপতি জনাব মোঃ রেজাউল আলম সরকার, আঞ্চলিক পরিচালক (উপসচিব), বিসিক, রাজশাহী তাঁর বক্তব্যে জানান যে, জাতীর পিতা আমাদের একটি সুন্দর দেশ উপহার দিয়েছেন। আমাদের দেশকে সামনে এগিয়ে নেয়ার জন্য শিল্পায়নের বিকল্প নেই। ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শিল্পের ভূমিকা অপরিসীম। তিন শিল্প উদ্যোক্তাদের শিল্প সম্প্রসারণে এগিয়ে আসার আহবান জানান।

১১। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

i. শিল্পনগরী সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে;
ii. শিল্পনগরীর রাস্তাঘাট যেগুলো মেরামতযোগ্য তা মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
iii. বিসিক থেকে পরিচালিত সকল প্রশিক্ষণ কর্যক্রমের তথ্য শিল্পমালিকদের অবগত করতে হবে;
iv. নিয়মিত সার্ভিস চার্জ আদায় করতে হবে;
v. সিটিজেন চার্টার অনুযায়ী সকল কাজ স্বচ্ছতার সাথে সম্পাদন করতে হবে।
vi. IRC এর সুপারিশ দ্রুতসময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

অত:পর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.১১.২৩

(মোঃ রেজাউল আলম সরকার)
আঞ্চলিক পরিচালক (উপসচিব)
বিসিক, রাজশাহী।

চলমান পাতা/০৩

স্মারক নং-৩৬.০২.০০০০.০২৭.০০.০০১.২২/ ১৫১৬(৩) তারিখঃ ১৫ অগ্রহায়ণ, ১৪৩০ ব. / ৩০ নভেম্বর, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ), বিসিক প্রধান কার্যালয়, ঢাকা।
০২। পিএস-টু-চেয়ারম্যান, বিসিক প্রধান কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অফিস কপি।

30.11.23
(মোঃ রেজাউল আলম সরকার)
আঞ্চলিক পরিচালক (উপসচিব)
বিসিক, রাজশাহী।